বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং - ০৯ -এ, তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ফৌজদারী বিবিধ শাখাকে ০৪ (চার)টি শাখায় এবং প্রথম আপীল ০৩ (তিন)টি শাখাকে ০১ (এক)টি শাখায় রূপান্তর প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের অন্যতম গুরুত্বপূর্ণ শাখা ফৌজদারী বিবিধ শাখা। সারা দেশের সমস্ত অধঃস্তন আদালত এবং ট্রাইব্যুনালসমূহ হতে উদ্ভূত ফৌজদারী বিবিধ মামলা সমূহ প্রশাসনিক কার্যাবলী এবং নথি/ফাইল রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্য এ শাখা থেকে পরিচালিত হয়। ৩১ শে ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ফৌজদারী বিবিধ শাখায় ২, ০৭, ০৪২ (দুই লক্ষ সাত হাজার বিয়াল্লিশ)টি মামলা বিচারাধীন আছে। এছাড়াও এ শাখায় প্রতি বছর প্রায় ৭০-৮০ হাজার নতুন মামলা দায়ের হয়।

০২। ফৌজদারী বিবিধ শাখায় পর্যাপ্ত স্থান না থাকা, কর্মকর্তা-কর্মচারীগণের ডেস্ক স্থাপন করতে না পারা ইত্যাদি নানাবিধ অসুবিধার কারণে এতো অধিক সংখ্যক নথি/ফাইলের সকল কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করা যাচ্ছে না। ফলে প্রশাসনিক ও বিচারিক কার্যক্রম নানাভাবে বাধাগ্রস্থ হচ্ছে।

০৩। ইতঃপূর্বে হাইকোর্ট বিভাগের অন্যান্য শাখাগুলোকে বিভাগ ভিত্তিক ভাগ করায় প্রশাসনিক সুফল পাওয়া যাচ্ছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, নিম্নছক অনুযায়ী ফৌজদারী বিবিধ শাখাকে ০৪ (চার)টি শাখায় এবং প্রথম আপীল ০৩ (তিন)টি শাখাকে ০১ (এক)টি শাখায় রূপান্তর করা হলো।

| ক্র. নং | বর্তমান শাখা | রূপান্তরিত শাখা |
|---|---|---|
| ১. | ফৌজদারী বিবিধ শাখা | ফৌজদারী বিবিধ শাখা (ঢাকা-ময়মনসিংহ) |
| | | ফৌজদারী বিবিধ শাখা (চট্টগ্রাম-সিলেট) |
| | | ফৌজদারী বিবিধ শাখা (রাজশাহী-রংপুর) |
| | | ফৌজদারী বিবিধ শাখা (খুলনা-বরিশাল) |
| ২. | প্রথম আপীল (ঢাকা-ময়মনসিংহ) | প্রথম আপীল শাখা |
| ৩. | প্রথম আপীল (চট্টগ্রাম-সিলেট) | |
| ৪. | প্রথম আপীল (রাজশাহী-রংপুর, খুলনা-বরিশাল) | |

০৫। এই আদেশ ২৩/০৬/২০২৫ খ্রি. তারিখ হইতে কার্যকর হবে।

মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সানুগ্রহ আদেশক্রমে,

স্বাক্ষরিত
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
আইডি নং: ১৯৯৯১১৮০৫৮
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
ফোন: ০২-৯৫১৪৬৪৬
ই-মেইল: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ৪৪৭০(ক)/১-১৫(১১) -এ, তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সভাপতি/সেক্রেটারি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৭. অতিরিক্ত রেজিস্ট্রার ............................... (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. ডেপুটি রেজিস্ট্রার............................ (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. সহকারী রেজিস্ট্রার ............................. (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. সুপারিনটেনডেন্ট, প্রশাসন শাখা/সাধারণ ও সংস্থাপন শাখা/ফৌজদারী বিবিধ শাখা/প্রথম আপীল শাখা (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. অফিস কপি।

২৭.০৫.২৫

(ড. মোঃ আতিকুস সামাদ)
আইডি নং: ২০১২২০৫০৩৬
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: ০২-২২৩৩৮১৮৬৫
E-mail: aticklaw@gmail.com